

3 SEM TDC BNL (CBCS) MIL 301 (A/C)

2 0 2 0

(Held in April–May, 2021)

BENGALI

(Modern Indian Language)

(for Arts and Commerce)

Paper : MIL–301

(বাংলা সাহিত্যের আভাস)

Full Marks : 80

Pass Marks : 32

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

প্রথম একক

(কাব্য)

১। সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন চারটি) : ১×৪=৪

(ক) ‘কল্পনা’ কাব্যগ্রন্থটি কত সালে প্রকাশিত হয়েছিল?

(খ) প্রেমের দেবতা কে?

(গ) ‘বর্ষশেষ’ কবিতাটি কী ধর্মী কবিতা?

(ঘ) “মোরে হেরি প্রিয়া
ধীরে ধীরে দীপখানি দ্বারে নামাইয়া
আইল সম্মুখে,”
পংক্তিটি কোন্ কবিতা থেকে নেওয়া হয়েছে?

(ঙ) রবীন্দ্রনাথের ‘বর্ষশেষ’ কবিতার সঙ্গে শেলীর কোন্ কবিতার তুলনা করা হয়েছে?

২। সংক্ষেপে লেখ (যে-কোন একটি) : ৫

(ক) ‘বৈশাখ’ কবিতায় গ্রীষ্মের খরতপ্ত রূপের যে বর্ণনা রয়েছে তা তুলে ধর।

(খ) মদনভস্মের পূর্বে তাকে কে, কীভাবে কামনা করেছেন?
“প্রেমের দেবতা যখন মহাদেবের রোষাগ্নিতে ভস্মীভূত
হন নাই তখন তাহার দৈহিক আবির্ভাব সকলের কাম্য
ছিল।” বর্ণনা কর।

৩। ‘স্বপ্ন’ কবিতাটিতে কবির কল্পনার একটি অপূর্ব রূপ—একটি মধুর প্রেমের স্বপ্ন প্রকাশ পেয়েছে—বর্ণনা কর। ১১

অথবা

“ ‘বর্ষশেষ’ কবিতায় পুরাতন, জীর্ণ, ক্লান্ত বৎসরের বিদায়ের সঙ্গে কবি তাঁহার পুরাতন কাব্যজীবনকে বিদায় দিলেন ও উগ্ৰন্ত কালবৈশাখীকে নবজীবনের প্রতীক বলিয়া বরণ করিয়া লইলেন। এই বর্ষশেষের ঝড় তো কবির অন্তর্জীবনের ঝড়।” বর্ণনা কর।

(3)

দ্বিতীয় একক

(ছোটগল্প)

৪। সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন চারটি) : $1 \times 8 = 8$

- (ক) ‘বনফুল’ কার ছদ্মনাম ?
(খ) কোন্ গ্রামের ঘটনা নিয়ে ‘জাগ্রত দেবতা’ গল্পটি রচিত ?
(গ) বিরজুর মা-র প্রকৃত নাম কী ?
(ঘ) ‘স্মৃতি’ গল্পে বর্ণিত মাস্টারমশাইয়ের বাড়ি কোন্ জেলায় ছিল ?
(ঙ) শিবতলায় পৌঁছে রাখব সরকার রিক্‌শাওয়ালাকে কত পয়সা দিতে চেয়েছিল ?

৫। সংক্ষেপে লেখ (যে-কোন একটি) : ৫

- (ক) ‘জাগ্রত দেবতা’ গল্পে নীলমণি চরিত্রটি বর্ণনা কর।
(খ) শ্রীপতি সামন্তের আত্মমর্যাদাবোধ যে কত প্রখর ছিল তা লেখ।

৬। “সেই দিনই সত্যটা জানিতে পারিলাম। বিরজুর মায়ের বিবাহ হয় নাই। সে চিরকুমারী ছিল।” বিরজুর মা-র জীবনের লুকিয়ে থাকা সত্যটি বিশ্লেষণ কর। ১১

অথবা

‘স্মৃতি’ গল্পে বর্ণিত স্টেশনমাস্টারের অতিথিপরায়ণতার যে চিত্র ফুটে উঠেছে তা তোমার নিজের ভাষায় বর্ণনা কর।

16-21/489

(Turn Over)

(4)

তৃতীয় একক

(উপন্যাস)

৭। সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন চারটি) : $1 \times 8 = 8$

- (ক) ‘দত্তা’ উপন্যাসটি কত সালে রচিত হয়েছিল ?
(খ) ‘দত্তা’ উপন্যাসটি কয়টি পরিচ্ছেদে বিভক্ত ?
(গ) রাসবিহারীর পুত্রের নাম কী ?
(ঘ) নরেন মামার কাছে কোথায় থাকতেন ?
(ঙ) বনমালী ও রাসবিহারী কার আদর্শে ব্রাহ্মধর্মে দীক্ষিত হন ?

৮। সংক্ষেপে লেখ (যে-কোন একটি) : ৫

- (ক) ‘দত্তা’ উপন্যাসে জগদীশ চরিত্রটি বর্ণনা কর।
(খ) “অন্য পরিচয়ে নিজের আলোচনা শোনা, আর লুকিয়ে আড়ি পেতে শোনা, দুটোই কি সমান বলে আপনার মনে হয় না?”
কে, কাকে, কি প্রসঙ্গে বলেছেন তা লেখ।

৯। “বিজ্ঞানব্রতী, সাংসারিক জ্ঞানের অভাব ও আত্মতোলা স্বভাবের লোক নরেন্দ্রনাথ।” আলোচনা কর। ১১

অথবা

‘দত্তা’ উপন্যাসে বিশুদ্ধ প্রেমের চিত্র অঙ্কিত হয়েছে। বিজয়ার সঙ্গে নরেনের সম্পর্কের টানাপোড়েন ও মনস্তত্ত্ব নিখুঁতভাবে প্রকাশ পেয়েছে। বর্ণনা কর।

16-21/489

(Continued)

(5)

চতুর্থ একক
(নাটক)

১০। সংক্ষিপ্ত উত্তর দাও (যে-কোন চারটি) : $1 \times 8 = 8$

- (ক) ‘বিসর্জন’ নাটকটি কত সালে রচিত হয়েছিল ?
- (খ) ‘বিসর্জন’ নাটকটি কয়টি অঙ্কে বিভক্ত ?
- (গ) ত্রিপুরেশ্বরীর মন্দিরে চিরাগত বলিদানের প্রথা বজায় রাখতে কে দৃঢ়প্রতিজ্ঞ ছিলেন ?
- (ঘ) জয়সিংহের মৃত্যু কীভাবে হয়েছিল ?
- (ঙ) “প্রেমে করে
অভিশাপ নাশ, দয়া করে অকল্যাণ
দূর। সতীর হৃদয় হ’তে প্রেম গেলে
পতিগৃহে লাগে অভিশাপ।”
সংলাপটি কার ?

১১। সংক্ষেপে লেখ (যে-কোন একটি) : ৫

- (ক) মহারাণী গুণবতী চরিত্রটি লেখ।
- (খ) “ছি, ছি, ভক্তিপিপাসিতা মাতা, তাঁরে বলো
রক্তপিপাসিনী!”
সংলাপটি কে, কাকে, কি প্রসঙ্গে বলেছে তা লেখ।

(6)

১২। ‘বিসর্জন’ নাটকে যে মানব-প্রণীত আচার-বিধির নৃশংসতার বিরুদ্ধে মানবচিন্তের বেদনার্ত আর্তি প্রকাশ পেয়েছে তা লেখ। ১১

অথবা

“রঘুপতি রাজাকে গুপ্তহত্যা করিতে বা প্রজাদিগকে বিদ্রোহী করিতে চেষ্টা করিয়াছিলেন; কিন্তু তাহা নিজের স্বার্থসিদ্ধির জন্যে নহে, তিনি যে প্রথাকে সত্য ও ধর্ম বলিয়া মনে করিয়াছিলেন তাহারই সমর্থনের জন্য তিনি ঐ উপায় অবলম্বন করিতে বাধ্য হইয়াছিলেন।” রঘুপতি রবীন্দ্রনাথের একটি চমৎকার সৃষ্টি। আলোচনা কর।

★ ★ ★